

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-শিম/শা:১৮/চা:বি:-১/২০১৪/৮০৩


তারিখ: ০৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রবিন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়, ভারত-এর যৌথ উদ্যোগে অনুষ্ঠেয় সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন ঘোষণার জন্য আগামী ১৮/১২/২০১৬ হতে ১৯/১২/২০১৬ তারিখ পর্যন্ত ২ (দুই) দিন নিম্নবর্ণিত শর্তে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন:

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) তিনি ভ্রমণ শেষে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (গ) তাঁর বর্ণিত সফরকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে;
- (ঘ) কর্তব্যকালীন তিনি বাংলাদেশি মুদ্রায় বেতন ভাতাদি গ্রহণ করবেন;
- (ঙ) উপাচার্যের অনুপস্থিতকালে একই বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (একাডেমিক) ড. নাসরীন আহমাদ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্যের রুটিন দায়িত্ব পালন করবেন।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(হাবিবুর রহমান)  
উপসচিব  
ফোন : ৯৫৭১৮৭৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৪। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। অধ্যাপক ড. নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (একাডেমিক), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১০। পরিচালক, হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)